# বহিষ্কারাদেশ প্রত্যাহার, স্বপদে ফিরলেন এনসিপি নেতা মাহিন সরকার



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) গুরুতর শৃঙ্খলাভঙ্গের অভিযোগে বহিষ্কৃত যুগ্ম সদস্যসচিব মাহিন সরকারের বহিষ্কারাদেশ প্রত্যাহার করেছে। দলটির উচ্চপর্যায়ের সিদ্ধান্তে তিনি পুনরায় স্বপদে বহাল হয়েছেন।

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) তাদের যুগ্ম সদস্যসচিব মাহিন সরকারের বহিষ্কারাদেশ প্রত্যাহার করেছে। শুক্রবার (২৭ সেপ্টেম্বর) এনসিপির যুগ্ম সদস্যসচিব (দফতর) সালেহ উদ্দিন সিফাত স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

চিঠিতে উল্লেখ করা হয়, দলের আহ্বায়ক মো. নাহিদ ইসলাম এবং সদস্যসচিব আখতার হোসেনের নির্দেশে মাহিন সরকারকে পুনরায় স্বপদে বহাল করা হয়েছে।

এর আগে, গুরুতর দলীয় শৃঙ্খলাভঙ্গের অভিযোগে তাকে স্বপদ ও দায়িত্ব থেকে বহিষ্কার করা হয়েছিল। তবে সর্বশেষ সিদ্ধান্তে বহিষ্কারাদেশ প্রত্যাহার হওয়ায় তিনি পুনরায় দলে তার পূর্বের পদে দায়িত্ব পালন করবেন।

LENS ASIA